

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ : ২৩ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৯৪-আইন/২০২১/১৬৫-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সুকুক (Sukuk) ইস্যু করিবার বিপরীতে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে, নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে, মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

- (ক) অরিজিনেটর (Originator) এবং স্পেশাল পারপাস ভেহিকেল বা এসপিভি (Special Purpose Vehicle or SPV) এর মধ্যে সম্পত্তি ক্রয়-বিক্রয়ের বিপরীতে আরোপযোগ্য মুসক; এবং
- (খ) অরিজিনেটর (Originator) এবং স্পেশাল পারপাস ভেহিকেল বা এসপিভি (Special Purpose Vehicle or SPV) এর মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী সম্পত্তি ভাড়া বা ইজারার বিপরীতে আরোপযোগ্য মুসক।

শর্ত

স্পেশাল পারপাস ভেহিকেল বা এসপিভি (Special Purpose Vehicle or SPV) গঠনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক বা, ক্ষেত্রমত, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৩৪৭৯)

মূল্য : টাকা ৪.০০